**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা ভারতের নতুন তিনটি ফৌজদারি আইন সময়োপযোগী ন্যায়বিচার প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ বলে বর্ণনা করেছেন ।**

**(২) সাংসদ রাজীব ভট্টাচার্য গুরু শিষ্য পরম্পরা বজায় রাখার উপর গুরুত্ব আরোপ করেছেন।**

**(৩) সংসদের বর্ষাকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে । আজ সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত ।**

**(৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩ জুলাই যুক্তরাজ্য এবং মালদ্বীপ সফরে যাচ্ছেন ।**

*****************************************

**CM-three new law :**

মুখ্যমন্ত্রী ডা: মানিক সাহা আজ ভারতের নতুন তিনটি ফৌজদারি আইনের রূপান্তরমূলক প্রকৃতির উপর জোর দিয়ে, এগুলিকে ভুক্তভোগী-বান্ধব, প্রযুক্তি-চালিত এবং সময়োপযোগী ন্যায়বিচার প্রদানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ বলে বর্ণনা করেছেন। আজ আগরতলায় প্রজ্ঞা ভবনে নতুন ফৌজদারি আইন এবং এনডিপিএস আইনের অধীনে তদন্ত এবং মামলা পরিচালনা সংক্রান্ত এক কর্মশালায় ভাষণ দিতে গিয়ে মুখ্যমন্ত্রী গত বছরের পয়লা জুলাই থেকে দেশব্যাপী কার্যকর হওয়া ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়মের মূল বৈশিষ্ট্যগুলি তুলে ধরেন। মুখ্যমন্ত্রী পুনর্ব্যক্ত করেন যে একজন ভুক্তভোগী এখন শারীরিকভাবে থানায় না গিয়েও দেশের যেকোনো প্রান্ত থেকে ইলেকট্রনিক যোগাযোগের মাধ্যমে এফআইআর দায়ের করতে পারবেন। মুখ্যমন্ত্রী প্রতি

৯০ দিন অন্তর ভুক্তভোগীদের তাদের মামলা সম্পর্কে অবহিত রাখার আইনি প্রয়োজনীয়তা এবং এফআইআরের প্রতিলিপি পাওয়ার অধিকারের উপরও জোর দেন। তিনি উল্লেখ করেন যে ত্রিপুরা সাক্ষীদের নিরাপত্তা এবং সহযোগিতা নিশ্চিত করার জন্য সাক্ষী সুরক্ষা প্রকল্প সক্রিয়ভাবে বাস্তবায়ন করছে। আইন প্রয়োগে সাংবিধানিক অখণ্ডতার গুরুত্বের উপর জোর দিয়ে, ডঃ সাহা অসাংবিধানিক উপায়ে প্রমাণ সংগ্রহের বিরুদ্ধে সতর্ক করেন। তিনি আরও বলেন যে প্রমাণের ক্ষতি, ধ্বংস বা ভুল ব্যবস্থাপনা মামলার প্রচেষ্টাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করে।

মুখ্যমন্ত্রী  নতুন তিন আইন সম্পর্কে রাজ্যের মানুষজনকে অবহিত করার জন্য নিয়মিত সচেতনতামূলক কর্মসূচি আয়োজন করার কথা বলেন। পাশাপাশি এনডিপিএস আইনে গ্রেফতার ও নেশাদ্রব্য উদ্ধার বাড়ছে বলেও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী। কর্মশালায় মুখ্যসচিব জিতেন্দ্র কুমার সিনহা বলেন, নতুন তিন আইন সঠিকভাবে রাজ্যে প্রয়োগ হচ্ছে।

তিনি বলেন ত্রিপুরায় শান্তি শৃঙ্খলা ভাল অবস্থায় থাকায় এখানে অর্থনৈতিক উন্নয়ন হচ্ছে। অনুষ্ঠানে পুলিশের মহানির্দেশক অনুরাগ বলেন, রাজ্যে এখন নেশাদ্রব্য উদ্ধার অনেক বেড়েছে। তিনি আরও বলেন, এনডিপিএস আইনে দ্রুত মামলা তদন্ত করে আদালতে চার্জশিট জমা করা হচ্ছে। কর্মশালায় উপস্থিত ছিলেন রাজ্যের আইনসচিব সঞ্জয় ভট্টাচার্য, স্বরাষ্ট্র দপ্তরের সচিব অভিষেক সিং প্রমুখ। পরে সাংবাদিকদের সামনেও তিনি এই তিন আইন নিয়ে কথা বলেন।

########Byte-CM########

******************************

**GURU PURNIMA UTSAB :**

সাংসদ রাজীব ভট্টাচার্য বলেছেন, আগামী প্রজন্মের কাছে গুরু শিষ্য পরম্পরা যাতে বিদ্যমান থাকে, এই সম্পর্ক যাতে বাণিজ্যিক না হয়, সেই বিষয়টির প্রতি অভিভাবকদের লক্ষ্য রাখতে হবে। আজ আগরতলা মুক্তধারা অডিটরিয়ামে তথ্য-সংস্কৃতি দপ্তর আয়োজিত পশ্চিম জেলাভিত্তিক গুরু

পূর্ণিমা উৎসব উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে একথা বলেন তিনি। অনুষ্ঠানে ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য্য, পদ্মশ্রী ডঃ অরুণোদয় সাহা, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, অর্জুন পুরস্কার প্রাপ্ত জিনমাস্ট মন্টু দেবনাথ, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন।

*******************************

**CM, Bardoali :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ সকালে টাউন বড়দোয়ালির বিভিন্ন এলাকা পরিদর্শনে যান। আগরতলার সিটি সেন্টার থেকে গাঙ্গাইল রোডের বনদপ্তরের অফিস পর্যন্ত এলাকা পরিদর্শন করেন তিনি। সেখান থেকে অফিস লেন, জয়নগর পুকুর পাড় হয়ে দশমীঘাট এলাকা পরিদর্শন করেন। রাস্তার পাশে নির্মীয়মান জল নিকাশি ব্যবস্থার কাজের অগ্রগতি সম্পর্কে দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের কাছ থেকে খোঁজ নেন মুখ্যমন্ত্রী। সেই সঙ্গে এলাকার সাধারণ মানুষের সঙ্গে কথা বলে তাদের সমস্যা সম্পর্কে অবগত হন এবং সেই সকল সমস্যা অবিলম্বে সমাধানের জন্য দপ্তরের আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেন। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী জানান, মানুষের নিত্যদিনের প্রয়োজনীয় বিষয়, বিশেষ করে যাতায়াতের রাস্তা, জল নিকাশি ব্যবস্থা, সরকারি জায়গায় বেআইনি ভাবে অস্থায়ী স্থাপনা ইত্যাদি সমস্যার সমাধানের জন্য তিনি দপ্তরের কর্মকর্তাদের নির্দেশ দিয়েছেন। তিনি বলেন জয়নগর পুকুর সহ বিভিন্ন জলাশয়গুলির সৌন্দর্য্য বিকাশের লক্ষ্যে কাজ করার নির্দেশ দিয়েছেন তিনি। কোন এলাকার সৌন্দর্য্য রক্ষার দ্বায়িত্ব শুধু সরকার বা পুর নিগমের নয়, সাধারণ মানুষকেও এই কাজে এগিয়ে আসতে হবে। এক প্রশ্নের উত্তরে রাজ্যে বহিরাগতদের চিহ্নিতকরণের উদ্যেশ্যে গঠিত টাস্ক ফোর্সের কথাও তিনি উল্লেখ করেন।

#######Byte-CM#######

আজ পরিদর্শনকালে আগরতলা পুর নিগমের মেয়র, বিধায়ক দীপক মজুমদার, পশ্চিম জেলার জেলাশাসক ডাঃ বিশাল কুমার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা মুখ্যমন্ত্রীর সঙ্গে ছিলেন।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM tour :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৩ জুলাই থেকে ৪ দিনের জন্য যুক্তরাজ্য এবং মালদ্বীপ সফরে যাচ্ছেন।

সফরের প্রথম পর্যায়ে, প্রধানমন্ত্রী ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমারের আমন্ত্রণে ২৩ থেকে ২৪ জুলাই পর্যন্ত যুক্তরাজ্য সফর করবেন। এই সফরকালে, প্রধানমন্ত্রী মোদী ভারত-যুক্তরাজ্য দ্বিপাক্ষিক সম্পর্কের সামগ্রিক দিক নিয়ে যুক্ত রাজ্যের প্রধানমন্ত্রীর সঙ্গে বিস্তারিত আলোচনা করবেন।

শ্রী মোদী মহামান্য রাজা তৃতীয় চার্লসের সঙ্গেও সাক্ষাৎ করবেন বলে আশা করা হচ্ছে। এই সফরে, উভয় পক্ষ বাণিজ্য ও অর্থনীতি, প্রযুক্তি ও উদ্ভাবন, প্রতিরক্ষা ও নিরাপত্তা, জলবায়ু, স্বাস্থ্য, শিক্ষা এবং জনগণের সঙ্গে

জনগণের সম্পর্কের উপর বিশেষভাবে আলোকপাত করে ব্যাপক কৌশলগত অংশীদারিত্বের অগ্রগতি পর্যালোচনা করবে। এটি প্রধানমন্ত্রী মোদীর চতুর্থ যুক্তরাজ্য সফর। দ্বিতীয় পর্যায়ে, মালদ্বীপের রাষ্ট্রপতি ডঃ মোহাম্মদ মুইজ্জুর-এর আমন্ত্রণে প্রধানমন্ত্রী মোদী এই মাসের ২৫ তারিখ থেকে দুই দিনের মালদ্বীপ সফরে যাবেন। মালদ্বীপের স্বাধীনতার ৬০তম বার্ষিকী উদযাপনে তিনি 'সম্মানিত অতিথি' হিসেবে উপস্থিত থাকবেন। সফরকালে তিনি মালদ্বীপের রাষ্ট্রপতির সঙ্গে দেখা করবেন এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা করবেন। এটি হবে প্রধানমন্ত্রীর মালদ্বীপে তৃতীয় সফর।

*******************************

**Parliament :**

সংসদের বর্ষাকালীন অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। তার আগে, সরকার আজ সংসদের উভয় কক্ষের সুষ্ঠু কার্যক্রম পরিচালনার জন্য একটি সর্বদলীয় বৈঠক করেছে। বৈঠকে অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বিরোধী দলগুলির সহযোগিতা চাওয়া হয়।

লোকসভা এবং রাজ্যসভার প্রতিনিধিত্বকারী বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা সভায় উপস্থিত ছিলেন। কেন্দ্রীয় মন্ত্রী এবং রাজ্যসভার নেতা জগৎ প্রকাশ নাড্ডার সভাপতিত্বে এই বৈঠকে সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু, সংসদীয় বিষয়ক প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল এবং ডঃ এল মুরুগান উপস্থিত ছিলেন।

এছাড়াও, কংগ্রেস থেকে গৌরব গগৈ এবং প্রমোদ তিওয়ারি, এনসিপি-এসসিপি থেকে সুপ্রিয়া সুলে, ডিএমকের তিরুচি শিবা, সমাজবাদী পার্টির রাম গোপাল যাদব, ডিএমকের টিআর বালু এবং আপ থেকে সঞ্জয় সিং বৈঠকে উপস্থিত ছিলেন। আগামী ২১শে আগস্ট পর্যন্ত অনুষ্ঠেয় এই অধিবেশনে উভয় কক্ষের মোট ২১টি সভা অনুষ্ঠিত হবে।

বৈঠকের পর সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সাংবাদিকদের বলেন যে, আজকের সভা খুবই গঠনমূলক ছিল।

######Byte-Kiren Rijiju######

*************************

**Death :**

প্রয়াত হলেন দৈনিক সংবাদ পত্রিকার বার্তা সম্পাদক তথা বরিষ্ঠ সাংবাদিক প্রদীপ দত্ত ভৌমিক। আজ দুপুর আনুমানিক ৩টা ৪৫ মিনিট নাগাদ তিনি দিল্লী এইমস্-এ শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বেশ কিছু দিন ধরে দিল্লির এইমস-এ চিকিৎসাধীন ছিলেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

মৃত্যুকালে স্ত্রী, এক পুত্র ও এক কন্যা সহ অগণিত গুণমুগ্ধদের রেখে গেছেন। আগামীকাল দিল্লি থেকে তার মরদেহ আগরতলা নিয়ে আসা হবে।

তার প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, সাংসদ বিপ্লব কুমার দেব ও বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ।

তাঁর মৃত্যুতে রাজ্যের সংবাদ ও সাংবাদিক মহলে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

তাঁর প্রয়াণে গভীর শোক প্রকাশ করেছে আগরতলা প্রেসক্লাব। ক্লাবের পক্ষ থেকে শোকসন্তপ্ত পরিবার-পরিজনদের প্রতি আন্তরিক সমবেদনা জানানো হয়েছে।

*******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, উত্তর, ধলাই, খোয়াই, ঊনকোটি ও সিপাহীজলা জেলাতে বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬.৪ ডিগ্রি সেলসিয়াস। আজকে বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৩ মিলিমিটার।

* * * * * * * * * * * * * * * * * * * * * * * * *